

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
মহেন্দ্রপুর, পাবনা।

স্মারক নং-৩৪.০১.৭৬০০.০০০.৩৮.৬০৬.১৫-

তারিখ : ১৭/০১/২০২৪ খ্রিঃ

উর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা জেলা কার্যালয়ধীন নিম্নবর্ণিত প্রাতিষ্ঠানিক (অনাবাসিক) বিশেষ প্রশিক্ষণ কোর্সে উর্তির জন্য বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	প্রতি ব্যাচে আসন সংখ্যা	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	স্বাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	ইয়ুথ কিচেন (য়ান্না বিষয়ক)	০১ মাস	১০০/-	৮ম শ্রেণী	২৫ জন	২৯-০১-২০২৪	৩০-০১-২০২৪ সকাল ১০.০০ মি.	০১-০২-২০২৪
০২	হস্তশিল্প/পাটজাত পণ্য	০১ মাস	১০০/-	৮ম শ্রেণী	২০ জন	২৭-০২-২০২৪	২৮-০২-২০২৪ সকাল ১০.০০ মি.	০৩-০৩-২০২৪

দরখাস্ত ও উর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ

- ১। বর্ণিত কোর্সে/ট্রেডে উর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থান করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেত থাকতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা অবশ্যই মেনে চলতে হবে।
- ২। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ৩। নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত করতে হবে। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের youth.pabna.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা জেলার উপপরিচালকের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।
- ৪। আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (গ) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্রসমূহ সংগে আনতে হবে।
- ৫। দলিত (সুইপার, ঝি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে উর্তির সুযোগ রয়েছে।
- ৬। অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ও যুবনারী উর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- ৭। স্বাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ৯.৩০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য প্রার্থীকে কোন প্রকার টি,এ/ডি,এ, দেওয়া হবে না।
- ৮। উর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক সরকারি ছুটির দিন ব্যতীত এবং উপস্থিতির ভিত্তিতে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা প্রদান করা হবে।

স্বঃ-

স্বপন কুমার কর্মকার
উপপরিচালক

ফোন নং : ০২৫৮৮৮৪৬০২৮
ই-মেইল-dydpabna@gmail.com

স্মারক নং-৩৪.০১.৭৬০০.০০০.৩৮.৬০৬.১৫- ৭০

তারিখ : ১৭/০১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। জেলা তথ্য অফিস/জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস/প্রেস ক্লাব, পাবনা (বহুল প্রচারের জন্য)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)....., পাবনা (বহুল প্রচারের জন্য)।
- ৪। সভাপতি/সম্পাদক....., পাবনা (বহুল প্রচারের জন্য)।
- ৫। নোটিশ বোর্ড(বহুল প্রচারের জন্য).....।
- ৬। অফিস নথি।

১৭/০১/২৪
মোঃ তরিকুল ইসলাম
সহকারী পরিচালক

১৭/০১/২৪